

১০ আগস্টের মধ্যে এসএসসি পুনঃনিরীক্ষণের ফল প্রকাশ

অনলাইন ডেক্স



সংগৃহীত ছবি

চলতি বছরের এসএসসি ও সমমান পরীক্ষার ফল পুনঃনিরীক্ষণের

জন্য যারা আবেদন করেছে তাদের ফলাফল ১০ আগস্টের মধ্যে

প্রকাশ করা হবে।

আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটির আন্তর্বায়ক অধ্যাপক

এস এম কামাল উদ্দিন হায়দার রবিবার (২৭ জুলাই) রাতে

গণমাধ্যমকে বিষয়টি জানিয়েছেন। তিনি বলেন, ‘ফল প্রকাশের

৩০ দিনের মধ্যেই পুনঃনিরীক্ষণের ফলাফল দেওয়ার নিয়ম

রয়েছে। সে হিসাবে ১০ আগস্ট দিনটি পড়ে।

একাদশে ভর্তির নীতিমালাতেও ১০ আগস্টের মধ্যে ফল প্রকাশের

ইঙ্গিত দেওয়া হয়েছে।’

চাকা শিক্ষা বোর্ডের ৯২ হাজারের বেশি শিক্ষার্থী ফল

পুনঃনিরীক্ষণের আবেদন করেছে জানিয়ে বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক

কামাল উদ্দিন বলেন, ‘অন্য বোর্ডগুলোর আবেদনের হিসাব

আমাদের কাছে নেই।’

১০ জুলাই এসএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশ করা হয়, ৬

লাখ ৬৬০ জন শিক্ষার্থী এবারের পরীক্ষায় অকৃতকার্য হয়েছে। ৯টি

সাধারণ শিক্ষা বোর্ড এবং মাদরাসা ও কারিগরি বোর্ডের অধীনে

এই পরীক্ষায় ১৯ লাখ ২৮ হাজার ১৮১ শিক্ষার্থী পরীক্ষার্থী অংশ

নেওয়ার জন্য নিবন্ধন করেছিল।

প্রকাশিত ফলাফলে কোনো পরীক্ষার্থী অসন্তুষ্ট হলে তিনি

পুনঃনিরীক্ষণের আবেদন করতে পারেন।

এবার ১১ থেকে ১৭ জুলাই পর্যন্ত এসএসসি ও সমমান পরীক্ষার

ফল পুনঃনিরীক্ষণের আবেদন গ্রহণ করা হয়। শিক্ষার্থীরা টেলিটক

মোবাইল অপারেটরের মাধ্যমে প্রতিটি পত্রের জন্য ১৫০ টাকা ফি

দিয়ে আবেদন করে।